

পরিষ্কার সিটিস প্রকল্পের ১ম দপ্তর
পরিষ্কার বিভাগ
০৫ ০২/০২/২০
পরিষ্কার সিটিস প্রকল্পের ১ম দপ্তর
পরিষ্কার বিভাগ
০৫ ০২/০২/২০
পরিষ্কার সিটিস প্রকল্পের ১ম দপ্তর
পরিষ্কার বিভাগ
০৫ ০২/০২/২০
পরিষ্কার সিটিস প্রকল্পের ১ম দপ্তর
পরিষ্কার বিভাগ
০৫ ০২/০২/২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
www.plandiv.gov.bd

২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি টিমের ৪র্থ সভার কার্যবিবরণী।

সভার তারিখঃ ২৮ নভেম্বর, ২০১৯ খ্রিঃ।
সময়ঃ বেলা- ৩.৩০ ঘটিকা।
সভার স্থানঃ সম্মেলন কক্ষ (কক্ষ নং ০৩) ভবন নং ১০, পরিকল্পনা বিভাগ।
সভাপতিঃ জনাব মোঃ দেলোয়ার হোসেন, অতিরিক্ত সচিব (বাজেট) ও টিম লিডার, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিম, পরিকল্পনা বিভাগ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'

- ১.০০ সভাপতি সভায় আগত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভায় উপস্থিত সকল শাখা/অধিশাখার প্রতিনিধি ৩য় সভার কার্যবিবরণীতে সম্মতি জ্ঞাপন করায় তা অনুমোদিত হয়। গবেষণা কর্মকর্তা (কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা) ২০১৯-২০ অর্থবছরের এপিএ-এর ১ম ত্রৈমাসিক প্রতিবেদনের বিপরীতে কোন কোন শাখা/অধিশাখা এখন পর্যন্ত পুরোপুরি প্রমাণক প্রদান করেননি তা সভায় অবহিত করেন। এছাড়া তিনি সংশ্লিষ্ট শাখা/অধিশাখা কে কোন প্রমাণক কতটি প্রেরণ করতে হবে তা সভায় অবহিত করেন।
- ২.০০ গবেষণা কর্মকর্তা (কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা) সভায় অবহিত করেন যে, পরিকল্পনা বিভাগের সিটিজেন চার্টার হালনাগাদের নিমিত্ত সকল শাখা/অধিশাখার হালনাগাদ সিটিজেন চার্টার ২৮/১১/২০১৯ তারিখের মধ্যে কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখায় প্রেরণের অনুরোধ জানানো হয়েছে। তিনি নূন্যতম একটি উত্তাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালু করার বিষয়ে পরিকল্পনা বিভাগের আইসিটি সেলের প্রতিনিধিকে অগ্রগতি সম্পর্কে অবহিত করার অনুরোধ জানান। আইসিটি সেলের প্রোগ্রামার সভায় উল্লেখ করেন যে, উক্ত কাজ ২টি চলমান রয়েছে। গবেষণা কর্মকর্তা (কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচক মোতাবেক কোন কার্য সম্পাদিত হওয়া মাত্রই উহার একটি কপি প্রমাণক হিসাবে এপিএ শাখায় প্রেরণ করার অনুরোধ জানান। এ প্রেক্ষিতে ভৌত অবকাঠামো বিভাগের প্রতিনিধি সভায় জানান যে, এ মর্মে সকল শাখা/অধিশাখার বরাবর ১টি চিঠি প্রেরণ করলে ভালো হবে। এছাড়া তিনি আরও উল্লেখ করেন যে, জিইডিসহ সংশ্লিষ্ট সকল শাখা/অধিশাখার সাথে এ মাসে যে সকল সূচকের কার্যক্রম বিদ্যমান তা যথাসময়ে সম্পন্ন করার উপর গুরুত্ব দেয়া প্রয়োজন।
- ৩.০০ সভাপতি সকল শাখা/অধিশাখার প্রতিনিধিদের অবহিত করেন যে, বিগত ২০১৮-১৯ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক এপিএ'র মূল্যায়নে পরিকল্পনা বিভাগের অর্জন আশানুরূপ হয়নি। এপিএ'র মূল্যায়নে পরিকল্পনা বিভাগ ৬৭ টি কর্মসম্পাদন সূচকের মধ্যে ৫৩ টি সূচকে শতভাগ অর্জন করেছে এবং ৯টি সূচকে কোনো অর্জন হয়নি। সার্বিক মূল্যায়নে পরিকল্পনা বিভাগ ৮৪.২২ নম্বর পেয়েছে। তিনি আরও উল্লেখ করেন, যে সকল সূচকে শতভাগ অর্জন হয়নি সে সকল সূচক সংশ্লিষ্ট কার্যক্রমে গতিশীলতা আনতে পরিকল্পনা কমিশনের সকল বিভাগ, পরিকল্পনা বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থাকে উদ্যোগী হতে হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্যঃ

৪.০০ সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- ক) পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের যে সকল শাখা/অধিশাখা বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৯- ২০ এর ১ম ত্রৈমাসিক প্রতিবেদনের প্রমাণক এখন পর্যন্ত পুরোপুরি প্রেরণ করেননি তাদেরকে দ্রুত প্রমাণকসমূহ প্রেরণ করতে হবে;
- খ) সিটিজেন চার্টার হালনাগাদকরণের নিমিত্ত সকল শাখা/অধিশাখা হতে হালনাগাদকৃত কপি পাওয়ার পর ১টি সভা আহবান করতে হবে;
- গ) একটি নতুন ডিজিটাল সেবা চালু ও নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প গ্রহণ করতে হবে;
- ঘ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচক মোতাবেক কোন কার্য সম্পাদিত হওয়া মাত্রই উহার একটি কপি প্রমাণক হিসাবে এপিএ শাখায় প্রেরণ করতে হবে;
- ঙ) ২০১৯-২০ অর্থ-বছরের এপিএ'র সকল সূচকের মান ১০০% অর্জনের নিমিত্ত প্রমাণকের উপর যথাযথ গুরুত্বারোপ করতে হবে।

৫.০০ অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

২৮/১১/২০১৯

(মোঃ দেলোয়ার হোসেন)

অতিরিক্ত সচিব (বাজেট)


পরিকল্পনা বিভাগ

নং-২০.০০.০০০০.৩২৮.৩৬.০০১.১৯-৩১৮

তারিখঃ ০৩ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ
২৮ নভেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, ঢাকা।
৩. প্রধান, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন ও গবেষণা প্রতিষ্ঠান, ঢাকা।
৫. যুগ্মপ্রধান সমন্বয় (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।
৬. যুগ্মসচিব (সমন্বয়), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৭. উপসচিব (এসএসআরসি/বাজেট/কর্মসম্পাদন ব্যবস্থাপনা), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৮. উপপ্রধান, পরিকল্পনা শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১০. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
(কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
১১. অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা, ঢাকা।
১২. অফিস কপি।


২৮/১১/২০১৯
(এ.এস.এম লুৎফুল হাবিব)
গবেষণা কর্মকর্তা
ফোনঃ ৪৮১১২০৫৮

e-mail: ro.pms@plandiv.gov.bd